রূপান্তরিত প্রাকৃতিক গ্যাস কোম্পানী লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানি)
www.rpgcl.org.bd
সেন্ট্রাল ওয়ার্কশপ সেকশন

...

| | |
|---|---|
| সভাপতি | প্রকৌ. খালেদা বেগম<br>মহাব্যবস্থাপক (অপারেশন) (অতিরিক্ত দায়িত্ব) |
| সভার তারিখ | ২৯/০৩/২০২২ খ্রি: |
| সভার সময় | বেলা ১১:৩০ ঘটিকা। |
| স্থান | মহাব্যবস্থাপক (সিএনজি), আরপিজিসিএল এর দাপ্তরিক কক্ষ। |
| উপস্থিতি | পরিশিষ্ট-'ক' |

**কোম্পানির ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও মূল্যায়নের নিমিত্ত গঠিত টিমের ২০২১-২০২২ বছরের ৪র্থ সভার কার্যবিবরণী।**

ইনোভেশন টিমের সভায় উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়।সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট-'ক' তে দেখা যেতে পারে।

**২.০ আলোচনাঃ**

সভার শুরুতে আলোচনা হয় যে, ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা সরকারী সুশাসন কার্যক্রমের একটি অংশ এবং এটি চলতি বছর হতে এপিএ তে অন্তর্ভুক্ত। কাজেই এ অংশে লক্ষ্যমাত্রা অর্জনে ব্যর্থ হলে এপিএ এর লক্ষমাত্রাও অর্জন করা সম্ভব নাও হতে পারে। অতএব ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন অংশে পূর্ণ পয়েন্ট অর্জনের লক্ষ্যে সংশ্লিষ্ট সবাইকে সচেষ্ট থাকা ও সহযোগিতা করা প্রয়োজন।

**২.১ পূর্ববর্তী সভার সিদ্ধান্ত বাস্তবায় বিষয়ক আলোচনা :**

গত ০৫-০১-২০২২ ইং তারিখ অনুষ্ঠিত ইনোভেশন টিমের ৩য় সভার সিদ্ধান্ত গুলো বাস্তবায়ন অগ্রগতি নিয়ে আলোচনা হয় :

ক) কোম্পানির সকল শাখা, উপ-বিভাগীয় দপ্তর ও বিভাগীয় দপ্তর হতে প্রতি মাসে www.ratioenothi.cngrpgcl.com ওয়েব পেইজের মাধ্যমে সম্পাদিত ই-নথি ও হার্ড নথির হিসাব প্রেরণ বিষয়ে একটি সিদ্ধান্ত ছিল। কিন্তু সকল দপ্তর হতে উক্ত হিসাব সময়মত আপলোড করা হচ্ছে না। ২৯-০৩-২০২২ তারিখ পর্যন্ত বিভাগ ভিত্তিক নথির হিসাব প্রদানের একটি বিবরণী সংযুক্ত করা হলো। সভায় আলোচনা হয় যে, ই-নথির ব্যবহার বিষয়ে পূর্ণ পয়েন্ট অর্জনের মাধ্যমে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন পরিকল্পনা-২০২২ বাস্তবায়নপূর্বক কোম্পানির এপিএ'র লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে সকল বিভাগীয় প্রধানের মাধ্যমে অধিনস্থ সকল দপ্তরকে অনুরোধ করা যেতে পারে।

খ) কর্মপরিকল্পনা বাস্তবায়ন বিষয়ে ২য় ও ৩য় সভায় আলোচনা ও গৃহিত সিদ্ধান্ত অনুযায়ী ০৪টি প্রশিক্ষণ/কর্মশালা আয়োজন করার পরিকল্পনা ছিল। তবে ইনোভেশন সংশ্লিষ্ট অভ্যন্তরীণ একটি প্রশিক্ষণ আয়োজিত হওয়ায় এবং একটি কর্মশালায় কোম্পানির প্রতিনিধি অংশ নেয়ায় উক্ত দুটি প্রশিক্ষণ আয়োজিত মর্মে ৩য় সভায় তা গ্রহণ করা হয়। প্রশিক্ষণ/কর্মশালা আয়োজন বিষয়ে পূর্ণ পয়েন্ট অর্জনের মাধ্যমে ই-গভর্ন্যান্স

ও উদ্ভাবন পরিকল্পনা-২০২২ বাস্তবায়নপূর্বক কোম্পানির এপিএ'র লক্ষ্যমাত্র অর্জনে ন্যূনতম আরো দুটি প্রশিক্ষণ/কর্মশালা আয়োজন করতে হবে। নিম্নোক্ত ০২টি প্রশিক্ষণ আয়োজনের লক্ষ্যে প্রশাসন বিভাগ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে পারে:

| ক্রমিক | প্রশিক্ষণ/কর্মশালার বিষয় | আয়োজনের প্রস্তাবিত সম্ভাব্য নতুন সময় | অংশ গ্রহণকারী | প্রশিক্ষণ প্রদানকারী |
|---|---|---|---|---|
| i) | ”সিএনজি যানবাহনের তথ্য যাচাইয়ের জন্য অনলাইন ডেটাবেজ ও স্টিকার সিস্টেম প্রবর্তন” বিষয়ক উদ্ভাবনী ও সেবা সহজিকরণ উদ্যোগ ব্যবহার ও সেবা প্রদান সংক্রান্ত ওয়ার্কশপ। | চলতি বছরের এপ্রিল, মে, জুন এর মধ্যে সুবিধামত সময়ে | কোম্পানির সেন্ট্রাল ও জোনাল ওয়ার্কশপের সকল কর্মকর্তা ও ক্যাশিয়ার গণ, সংশ্লিষ্ট কাজের বিল প্রণয় ও আদায়কারী অর্থ বিভাগের কমপক্ষে ৫ জন কর্মকর্তা। | ইনোভেশন টিম। |
| ii) | ই-নথি ব্যবহার বৃদ্ধি, নিস্পত্তিকরণ ও হিসাব সংরক্ষণ, ই-নথি ব্যবহারের গুরুত্ব/প্রয়োনীয়তা (প্রশিক্ষণ/ওয়ার্কশপ)। | চলতি বছরের এপ্রিল, মে, জুন এর মধ্যে সুবিধামত সময়ে | কোম্পানিতে ই-নথি কম ব্যবহারকারী দপ্তরের সংশ্লিষ্ট জনবল। | বহি: উপযুক্ত রিসোর্স পারসন। |

গ) “২০২১-২২ বছরে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন পরিকল্পনার ই-নথির ব্যবহার বৃদ্ধি কার্যক্রমে আরপিজিসিএল এর ৫৪টি দপ্তর হতে নথির হিসাব প্রেরণ ও রেকর্ড সংরক্ষণের অভ্যন্তরীন সেবা প্রদান ও প্রাপ্তি সহজিকরণ” বিষয়ে বাস্তবায়িত সেবা সহজিকরণ কার্যক্রমটি ০৫-০১-২০২২ হতে বাস্তবায়িত হয়েছে মর্মে ৩য় সভায় সিদ্ধান্ত গৃহিত হয়েছিল। এতদ লক্ষ্যে ২০-০২-২০২২ তারিখের মধ্যে একটি অফিস আদেশ জারি করার প্রয়োজন ছিল। একটি উদ্ভাবনী ধারণা/সেবা সহজিকরণ/ক্ষুদ্র উন্নয়ন কার্যক্রম বাস্তবায়ন বিষয়ে পূর্ণ পয়েন্ট অর্জনের মাধ্যমে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন পরিকল্পনা-২০২২ বাস্তবায়নপূর্বক কোম্পানির এপিএ'র লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে বাস্তবায়িত সেবা সহজিকরণ কার্যক্রমটি ০৫-০১-২০২২ হতে বাস্তবায়িত মর্মে আগামী ২০-০৪-২০২২ তারিখের মধ্যে একটি অফিস আদেশ জারীর লক্ষ্যে প্রশাসন বিভাগকে পুনরায় অনুরোধ করা যেতে পারে।

ঘ) সভায় জানানো হয় যে, ৩য় সভায় কোম্পানির ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন পরিকল্পনা-২০২২ এর স্ব-মূল্যায়িত অর্ধবার্ষিক প্রতিবেদনটি ০৯-০১-২০২২ তারিখ ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের স্বাক্ষরিত পত্রের মাধ্যমে পেট্রোবাংলায় প্রেরিত হয়েছে। সময়মত উক্ত প্রতিবেদন প্রেরিত হওয়ায় উক্ত অংশে পূর্ণপয়েন্ট অর্জিত হয়েছে। উক্তখাতে পূর্ণ পয়েন্ট অর্জিত হওয়ায় সভায় সন্তুষ্টি প্রকাশ করা হয়।

২.২ **৩য় ত্রৈ-মাসিক প্রতিবেদন এর উপর আলোচনা :**

সভায় ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০২১-২০২২ এর ৩য় ত্রৈমাসিক (জানুয়ারি-মার্চ, ২০২২) অগ্রগতি নিয়ে আলোচনা হয় এবং প্রতিবেদনের একটি খসড়া তৈরী করা হয়। উক্ত খসড়ায় একটি সেবা সহজিকরণ কার্যক্রম ০৫-০১-২০২২ হতে বাস্তবায়িত হিসেবে দেখানো হয়। এ হিসেবে ৩য় ত্রৈমাসিক (জানুয়ারি-মার্চ, ২০২২) অর্জন ১৫.০০ পয়েন্ট।

খসড়ার আলোকে প্রতিবেদন চূড়ান্ত করে পেট্রোবাংলায় প্রেরণ করা যেতে পারে।

৩.০ **সিদ্ধান্ত :**

সভায় বিস্তারিত আলোচনার পর কোম্পানির বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) তে লক্ষ্যমাত্রা অর্জনের নিমিত্তে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা-২০২২ বাস্তবানের লক্ষ্যে নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করা হয়:

| ক্রম. | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ৩.১ | www.ratioenothi.cngrpgcl.com ওয়েব পেইজের মাধ্যমে কোম্পানির ৫৪টি দপ্তর প্রতি মাসের ০৩ তারিখের মধ্যে ই-নথি ও হার্ড নথির হিসাব প্রেরণ করবে। | ইনোভেশন কমিটি, কোম্পানির সকল শাখা, উপ-বিভাগীয় দপ্তর ও বিভাগীয় দপ্তর।<br><br>বিভাগীয় প্রধানগণকে অধিনস্ত সকল দপ্তরকে এতদ বিষয়ে তাগিদ প্রদানের অনুরোধ করা হলো। |
| ৩.২ | গুরুত্ব বিবেচনায় অনু ২.১ (খ) এ বর্ণিত প্রশিক্ষণ/কর্মশালা আয়োজনের ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে। | প্রশাসন বিভাগ। |
| ৩.৩ | অফিস আদেশের বাধ্যবাধকতা থাকায় অনু: ২.১ (গ) এর সেবা সহজিকরণ কার্যক্রমটি ০৫-০১-২০২২ হতে বাস্তবায়িত মর্মে বর্ণনা মত ২০-০৪-২০২২ তারিখের মধ্যে একটি অফিস আদেশ জারি করা যেতে পারে। | প্রশাসন বিভাগ। |
| ৩.৪ | ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০২১-২০২২ এর ৩য় ত্রৈমাসিক (জানুয়ারি-মার্চ, ২০২২) অগ্রগতি প্রতিবেদন যথা সময়ে পেট্রোবাংলায় প্রেরণ করতে হবে। | ইনোভেশন কমিটি। |

৪.০ ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন পরিকল্পনা-২০২২ বাস্তবায়নপূর্বক কোম্পানির এপিএ'র লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে প্রদত্ত সিদ্ধান্ত সমূহ যথাসময়ে বাস্তবায়নের লক্ষ্যে সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হয়। সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় সভার সমাপ্তি ঘোষনা করা হয়।

প্রকৌ. খালেদা বেগম
মহাব্যবস্থাপক (অপারেশন) (অতিরিক্ত দায়িত্ব)

স্মারক নম্বর: ২৮.১৯.০০০০.৬০৩.৯৯.০০৪.১৮.৭৬

তারিখ: ২৪ চৈত্র ১৪২৮
০৭ এপ্রিল ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) ব্যবস্থাপনা পরিচালক, আরপিজিসিএল।

২) মহাব্যবস্থাপক (সকল), আরপিজিসিএল, ঢাকা।

৩) ই-গভর্ন্যান্স/ইনোভেশন টিম-আরপিজিসিএল।

৪) উপমহাব্যবস্থাপক (সকল), আরপিজিসিএল।

৫) ব্যবস্থাপক (সকল), আরপিজিসিএল।

৬) উপব্যবস্থাপক, (আইসিটি) [ওয়েবসাইট আপলোডকরণের অনুরোধসহ]।

প্রকৌ. খালেদা বেগম
মহাব্যবস্থাপক (অপারেশন) (অতিরিক্ত দায়িত্ব)